সমকাল

তারিখ 20 FEB 2016
পৃষ্ঠা ৮ কলাম ৫

# মুক্তাগাছায় ছাত্রীকে পিটিয়ে আহত, শিক্ষক সাসপেন্ড

**মুক্তাগাছা (ময়মনসিংহ) প্রতিনিধি**

ক্লাসের আগে শরীরচর্চায় অংশ নিতে দেরি হওয়ায় নবম শ্রেণীর এক শিক্ষার্থীকে পিটিয়ে আহত করায় আনোয়ারুল হক নামে এক শিক্ষককে সাময়িক বরখাস্ত করা হয়েছে। শুক্রবার বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। বুধবার উপজেলার গাবতলী উচ্চ বিদ্যালয়ে এ ঘটনা ঘটে।

উপজেলার হালিদা গ্রামের সিদ্দিকুর রহমানের মেয়ে বীথি আক্তার গাবতলী উচ্চ বিদ্যালয়ে নবম শ্রেণীতে লেখাপড়া করে। ওই দিন ক্লাসের আগে শরীরচর্চায় অংশ নিতে দেরি হয় তার। এতে বিদ্যালয়ের শরীরচর্চা শিক্ষক আনোয়ারুল হক ওই ছাত্রীকে বেধড়ক পিটিয়ে আহত করেন। তাকে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। এ ঘটনায় এলাকায় ক্ষোভ ছড়িয়ে পড়লে শুক্রবার বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভায় ওই শিক্ষককে সাময়িক বরখাস্তের সিদ্ধান্ত নেওয়া হয়।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাইফুল ইসলাম ঘটনা স্বীকার করে বলেন, প্রাথমিকভাবে দোষী প্রমাণিত হওয়ায় শরীরচর্চা শিক্ষক আনোয়ারুল হককে ম্যানেজিং কমিটির সভায় সাময়িক বরখাস্ত করা হয়।